


অ্যাটিচুড
ইজ এভরিথিং




# DIY

# অ্যাক্সেস নির্দেশিকা









আন্তর্জাতিক বাংলা সংস্করণ

সুধী,

আপনি কি চান যে আপনার সব অনুরাগীরা আপনাকে লাইভ বাজাতে দেখেন?

আপনি কি নতুন দর্শকদের কাছে পৌঁছাতে চান?

আপনি কি সঙ্গীতানুষ্ঠান করার জন্য কোনো স্থানে কাজ করেন?

আপনি কি আপনার অনুষ্ঠানগুলি আরো সর্বাত্মক করতে চান?

আপনি হয়ত কখনই এ ব্যাপারে ভাবেননি, কিন্তু একবার চেষ্টা করতে চান?

যদি করতে গিয়ে ভুল হয়ে যায় তা ভেবে আপনি চিন্তিত?

## যদি উপরের কোনো একটি উত্তরে আপনি হ্যাঁ বলেন, তাহলে এই নির্দেশিকাটি



# আপনার জন্য!

**“শারীরিকভাবে অক্ষম দর্শক এবং শিল্পীদের সাথে সংযুক্ত হওয়ার জন্য সব গুরুত্বপূর্ণ তথ্য এই নির্দেশিকাতে আছে, যার ফলে তা সব ব্যান্ড এবং আয়োজকদের কাছে অবশ্যপাঠ্য হয়ে উঠেছে।”**



**রব ম্যাডিসন, রিভেঞ্জ অব ক্যালকুলন**

# মনে করুন আপনার প্রিয় ব্যান্ডকে শুনতে পারছেন না কারণ...

অনুষ্ঠান চলাকালে আপনার বসার জন্য কোনো চেয়ার নেই।

টয়লেটে যেতে না পারার কথা ভেবে আপনি চিন্তিত।

একজন জরুরি ব্যক্তিগত সহকারীর জন্য আপনি টিকিটের অনুরোধ করতে পারছেন না।

আপনি খুব দুশ্চিন্তায় পড়ে গেছেন, কারণ সেখানে কোনো অক্ষমতা সংক্রান্ত প্রবেশের তথ্য নেই।

সেখানে কয়েক ধাপ সিঁড়ি আছে যেগুলি সহজেই র‍্যাম্প দেওয়া (অর্থাৎ ঢালু করা) যেতে পারে।

আপনার শারীরিক অসুস্থতার জন্য যেসব জিনিস প্রয়োজন সেগুলি আপনি আনতে পারছেন না।

আপনি অনেকক্ষণ ধরে লাইনে দাঁড়িয়ে থাকতে পারেন না।

পিছনের সারিতে বসে কোনো কিছুই দেখতে না পেরে আপনি প্রচণ্ড বিরক্ত।

এগুলি মাত্র কিছু বাধা, বধির এবং শারীরিকভাবে অক্ষম লোকজনদের যার সম্মুখীন হতে হয়, যখন তাঁরা সঙ্গীতানুষ্ঠানে পৌঁছানোর চেষ্টা করেন। সৌভাগ্যক্রমে, এইসব বাধাগুলো ভাঙ্গতে এবং আমাদের প্রচারাভিযানে যোগদানে সাহায্য করার জন্য একজন শিল্পী, ব্যান্ড অথবা আয়োজক হিসাবে আপনি করতে পারেন এমন কিছু সহজ পন্থা আছে!



হান[illegible]ক কেয়ারনেন
সঙ্গীত অনুরাগী + ব্লগার

**“বেশিরভাগ জায়গাই ইচ্ছাকৃতভাবে আমাদের বাদ দেয় না। তাদের শুধুমাত্র কিছু সঠিক উপায় এবং জ্ঞান প্রয়োজন।**

**ব্যান্ড এবং আয়োজকদের এ বিষয়ে সচেতন হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ যে তাদের অনুরাগীরা প্রবেশের বাধার সম্মুখীন হয়ে থাকেন যাতে তাঁরা তার সমাধানে অনুষ্ঠানস্থলের উপরে কাজ করতে পারেন।”**

# অ্যাটিচুড ইজ এভরিথিং 2000 সাল থেকে ইউকের লাইভ সঙ্গীত শিল্পকে সহায়তা করে আসছে।

সেই সময়ে, ইউকে জুড়ে শতাধিক অনুষ্ঠানস্থল এবং উৎসবের সাথে আমরা কাজ করেছি যাতে সেগুলিকে বধির এবং শারীরিকভাবে অক্ষম লোকজনদের কাছে আরো প্রবেশযোগ্য করা যায়।

আমরা একটি অক্ষমতা-পরিচালিত আর্থিক সহায়তাকারী সংস্থা, যেখানে শতাধিক বধির এবং শারীরিকভাবে অক্ষম তথ্যসংগ্রহকারী এবং মূল্যায়নকারী ব্যক্তি আছেন, যারা সঙ্গীতানুষ্ঠান এবং খোলা-জায়গার অনুষ্ঠানগুলির থেকে তাদের অভিজ্ঞতার ভিত্তিতে মতামত দেন।

ইউকের সমস্ত প্রকারের অনুষ্ঠানস্থল ও উৎসবগুলিকে যতটা সম্ভব সর্বাত্মক হতে সহায়তা করতে, আমাদের গ্রহণযোগ্য পদ্ধতির সনদ অনুযায়ী আমরা তাদের সাথে যোগদান করি।

এছাড়াও, আমরা বছরের পর বছর ধরে, প্রাথমিক স্তরের অনুষ্ঠানস্থলে প্রচুর প্রবেশযোগ্য সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করি।

আপনার সাথে আমাদের জ্ঞান বন্টনের উদ্দেশ্যেই এই নির্দেশিকাটি পরিকল্পিত।


DIY
SPACE



আমরা কারা?

বধির এবং শারীরিকভাবে অক্ষম লোকজনদের অন্তর্গত:

হুইল-চেয়ার ব্যবহারকারী

চলাফেরায় অক্ষম লোকজন

দৃষ্টিশক্তির দিক থেকে অক্ষম লোকজন


শ্রবণশক্তির দিক থেকে অক্ষম লোকজন

বধির লোকজন যারা ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ (ইশারা ভাষা) ব্যবহার করেন

শেখার দিক থেকে অক্ষম লোকজন

মানসিক স্বাস্থ্যের সমস্যা আছে এমন লোকজন

অন্যান্য চোখে ধরা না-পড়া অক্ষমতা এবং দীর্ঘস্থায়ী অসুস্থতা আছে এমন লোকজন



এছাড়াও আমরা...

অনুরাগী, যারা আপনার সঙ্গীতানুষ্ঠানে আমাদের সঙ্গীদের সাথে যাওয়ার জন্য আমাদের টাকা ব্যয় করেন।

শিল্পী যিনি আপনার রাত্রিবেলায় স্থানীয় ব্যান্ডের পাশাপাশি নিজেও বাজাতে চান।

আয়োজক যারা অনুষ্ঠানের আয়োজন করতে চান এবং প্রাথমিক স্তরের অনুষ্ঠানস্থলগুলিকে সহায়তা করতে চান।

ব্লগার এবং সাংবাদিক যারা আপনার অনুষ্ঠানটির প্রতিবেদন (কভার) করতে চান।

1. শারীরিকভাবে অক্ষম লোকজনদের জন্য অনুষ্ঠানস্থলটির অনলাইনে প্রবেশের তথ্য আছে কিনা তা দেখে নিন।

2. আপনার অনুরাগীদের জন্য তাদের তথ্যগুলি আপডেট করতে, আমাদের নির্দেশিকা অ্যাক্সেস স্টার্টস অনলাইন নির্দেশিকাটি ব্যবহার করার জন্য উৎসাহ দিন।

www.attitudeiseverything.org.uk/accessstartsonline

অ্যাক্সেস স্টার্টস অনলাইন

অ্যাটিচুড ইজ এভরিথিং

3. আপনার ওয়েবসাইটে অথবা অনুষ্ঠানে, অনুষ্ঠানস্থলে প্রবেশের বিষয়ে আপনার নিজস্ব তথ্য শেয়ার করুন।

- সেখানে কি কোনো ব্যবহারযোগ্য, কাজ করছে এমন টয়লেট আছে?
- পারফরম্যান্সের জায়গার ভেতরে কি কোনো সিঁড়ি-বিহীন প্রবেশ আছে?
- ব্যক্তিগত সহায়তাকারী (PA) -এর জন্য কি বিনামূল্যে টিকিট পাওয়া যাবে?

4. আয়োজককে জিজ্ঞাসা করুন যে যদি কারো মঞ্চটি বসে থেকে দেখার প্রয়োজন হয় তাহলে কি পরিকল্পনা আছে।

5. যদি আপনি ব্যক্তিগত সহায়তাকারীর টিকিটের বিষয়ে বিজ্ঞাপনে না দেখেন, তাহলে তার অফার দেওয়ার জন্য আয়োজককে উৎসাহ দিন। অনেক লোকজন শুধুমাত্র অতিথির তালিকা ব্যবহার করেন এবং সরাসরি অনুরোধ করার জন্য লোকজনদের আমন্ত্রণ জানান।

## যখন আপনি নিজের সঙ্গীতানুষ্ঠানের আয়োজন নিজেই করবেন তখন 10টি জিনিস আপনি করতে পারেন


| | |
|---|---|
| ★ **1.** টিকিট | ★ **6.** ক্যাপশন (পর্দার লেখা) |
| ব্যক্তিগত সহায়তাকারীদের জন্য বিনামূল্যে টিকিটের অফার দিন। | ল্যাপটপ এবং টিভি ব্যবহার করে **DIY** ক্যাপশন দিন। |
| **2.** অ্যাক্সেসের তথ্য | **7.** ব্যবহারযোগ্য টয়লেট |
| অনলাইনে অ্যাক্সেসের তথ্য স্পষ্টভাবে আগে থেকে দিন। | কোনো ব্যবহারযোগ্য টয়লেট আছে কিনা, অনুষ্ঠানস্থলের সাথে কথা বলে যাচাই করে নিন যে সেটি কাজ করছে। |
| **3.** অনুরোধ | ★ **8.** কোয়ায়েট রুম (নিরিবিলি কক্ষ) |
| যদি কারো কোনো নির্দিষ্ট অনুরোধ থাকে তাহলে তাকে আপনার সাথে যোগাযোগ করার আমন্ত্রণ জানান। | যদি জায়গা থাকে তাহলে একটি কোয়ায়েট রুম (নীরব কক্ষ)- এর ব্যবস্থা করুন। |
| ★ **4.** দেখার জায়গা | **9.** হয়রানি |
| ব্যবহারযোগ্য বসার আসনযুক্ত দেখার জায়গার ব্যবস্থা করুন। | যেকোনো প্রকারের হয়রানির ঘটনা জানানোর জন্য উৎসাহ দিন। |
| **5.** স্ট্রোবস (ক্যামেরার ঝলকানি) | **10.** বার (সুরাপানের স্থান) |
| স্ট্রোবস (ক্যামেরার ঝলকানি) যাতে ব্যবহার না হয় তার অনুরোধ করুন এবং লোকজনকে জানান। | এই বিষয়টি নিশ্চিত করার জন্য অনুষ্ঠানস্থলের সাথে কথা বলে নিন যে, যেসব লোকজনের পক্ষে উঁচু কাউন্টার সমস্যার হতে পারে তাঁদের জন্য বার পরিষেবা ব্যবহারযোগ্য। |

★ কিভাবে এসব কিছুর ব্যবস্থা করবেন তা জানতে এই নির্দেশিকার শেষে সঙ্গীতানুষ্ঠানের টুকিটাকি দেখে নিন!

# “আমি সঙ্গীতানুষ্ঠানে বাজাই বা সঙ্গীতানুষ্ঠান দেখি, যাই হোক না কেন, গানের কথাগুলো আমার কাছে খুব গুরুত্বপূর্ণ। ব্যান্ড হিসাবে এটা আমাদের কাছে সত্যিই তাৎপর্যপূর্ণ যে দর্শক যেন জানেন যে আমরা কি গাইছি এবং একই অনুভূতি তিনি ভাগ করে নিতে পারেন”

অকওয়ার্ড সাইলেন্স ব্যান্ডের পল হকিন্স

**DIY** ক্যাপশনিং (পর্দার লেখা) সম্পর্কে বলেছেন। লন্ডনের গানারস-এ, তাঁর ব্যান্ডের আউটসাইডার পপ নাইটসে, পল এই পদ্ধতিটির পথিকৃৎ।






**যদি আপনি একটি সর্বাত্মক DIY ভ্রমণের ব্যবস্থা করতে চান, তাহলে এখানে কিছু মূল বিষয়ের কথা বলা হল যা প্রতিটি অনুষ্ঠানের পর্বের জন্য আপনার লক্ষ্য হওয়া উচিত।**

| | |
|---|---|
| **টিকিট** | **সহজবোধ্য গানের কথা** |
| ব্যক্তিগত সহায়তাকারীদের জন্য টিকিট | DIY ক্যাপশনিং |
| **অ্যাক্সেস** | **ব্যবহারযোগ্য টয়লেট** |
| রাস্তা থেকে পারফরম্যান্সের জায়গা পর্যন্ত সিঁড়ি-বিহীন অ্যাক্সেস। | ব্যবহারযোগ্য টয়লেট (অনুষ্ঠানস্থলের সাথে কথা বলে যাচাই করে নিন যে সেটি কাজ করছে কিনা) |
| **দেখার জায়গা** | **অনলাইন তথ্য** |
| দেখার এলাকা / ব্যবহারযোগ্য বসার আসন | আপনার ট্যুর (ভ্রমণ সংক্রান্ত) পেজে এবং অনুষ্ঠানস্থলের ওয়েবসাইটে প্রবেশ সংক্রান্ত তথ্য |
| **স্ট্রোবস (ক্যামেরার ঝলকানি) সংক্রান্ত নীতি** | **সহকারী কুকুরের বিষয়ে নীতি** |
| কোনো স্ট্রোবস (ক্যামেরার ঝলকানি) নয় | সহকারী কুকুরকে স্বীকৃতি |

# শারীরিকভাবে অক্ষম শিল্পীদের বুক করার জন্য 5টি পরামর্শ...

1. যে অনুষ্ঠানস্থলগুলিতে মঞ্চে সিঁড়ি-বিহীন প্রবেশ আছে সেগুলি ব্যবহার করুন অথবা অনুষ্ঠানস্থলের অন্য কোথাও সিঁড়ি-বিহীন একটি ব্যবস্থা করুন।

2. বিভিন্ন প্রকার লোকজনদের সংশ্লিষ্ট করতে বিভিন্ন প্রকারের ব্যন্ড বুক করুন।

3. সাউন্ড চেক (শব্দ পরীক্ষা) করার জন্য পর্যাপ্ত সময় দিন।
বিভিন্নরকম ভাবে কথাবার্তার জন্য এবং প্রশ্নের জন্য প্রস্তুত থাকুন।

4. প্রবেশ সংক্রান্ত কোনো আবশ্যকতার বিষয়ে আলোচনা করতে ব্যন্ডগুলিকে আমন্ত্রণ জানান এবং তাঁদের অনুমতিক্রমে, নিশ্চিত হয়ে নিন যে সংশ্লিষ্ট অনুষ্ঠানস্থলের কর্মীরা যেন তাঁদের সম্পর্কে জানেন।

5. আপনার ওয়েবসাইটে প্রবেশ সংক্রান্ত একটি বিবৃতি দিন এবং লোকজনদের জানান যে প্রতিটি অনুষ্ঠান-পর্ব থেকে তাঁরা কী আশা করতে পারেন।

# 5 টি সহজবোধ্য ফ্লায়ার (প্রচারপত্র) তৈরির পরামর্শ

1. ছবিগুলো যেন লেখার নিচে চাপা না পড়ে যায়

---

2. যত পারেন বড় আকারের হরফ ব্যবহার করুন।

---


3. প্রেক্ষাপটের থেকে লেখা যেন বেশি কনট্রাস্ট (বিপরীত) হয়।

---

4. Sans Serif হরফ যেমন Arial ব্যবহার করুন

---

5. সঙ্গীতানুষ্ঠানের জন্য প্রবেশসংক্রান্ত মূল তথ্য দিন
অর্থাৎ “সিঁড়ি-বিহীন/ব্যবহারযোগ্য টয়লেট”।




যদি কারো কোনো প্রশ্ন থাকে তাহলে তা জিজ্ঞাসা করার জন্য আমন্ত্রণ জানিয়ে একটি যোগাযোগের ইমেইল।

পারফরম্যান্সের জায়গায় কি সিঁড়ি-বিহীন অ্যাক্সেস আছে?

শুধু জানান "সিঁড়ি-বিহীন" অথবা যদি তা না হয়, তাহলে পরিস্থিতি ব্যাখ্যা করুন অর্থাৎ "সঙ্গীতানুষ্ঠান উপরতলায়, কোনো লিফট নেই"

লোকজন কি আসনে বসে স্টেজ দেখতে পারবেন?

প্রয়োজন হলে তাদের ব্যাখ্যা করুন যে কি ব্যবস্থা আছে।

ব্যবহারযোগ্য কোনো টয়লেট আছে কি?

জানান "ব্যবহারযোগ্য টয়লেট" অথবা যদি তা না থাকে, তাহলে জানান "ব্যবহারযোগ্য টয়লেট নেই – সব থেকে কাছে আছে [জায়গাটি লিখুন]"

লোকজন কিPA টিকিটের জন্য অনুরোধ করতে পারেন?


কিভাবে এর অনুরোধ করতে হবে তা ব্যাখ্যা করুন।

যদি আপনার অনুষ্ঠানের রাতে অন্য কোনো অ্যাক্সেসের বৈশিষ্ট্য যা জেনে লোকজনের সুবিধা হবে (যেমন- স্ট্রোবস (ক্যামেরার ঝলকানি) নয়) তাহলে আপনার ইভেন্ট (অনুষ্ঠানসংক্রান্ত) পেজে লোকজনকে তা জানান!



# যদি আমার নিয়মিত অনুষ্ঠানের রাত একটি প্রবেশযোগ্য নয় এমন অনুষ্ঠানস্থলে হয় তাহলে...

যে অনুষ্ঠানস্থলটি আপনি ব্যবহার করেন সেখানে সিঁড়ি থাকে অথবা ব্যবহারযোগ্য টয়লেট না থাকে, তাহলে এমন কিছু জিনিস আছে যা আপনি করতে পারেন!



অনুষ্ঠানস্থলের ভেতরে যেতে এক বা দুই ধাপ সিঁড়ি আছে?



**অনুষ্ঠানস্থলের উদ্যোক্তাদের জিজ্ঞাসা করুন যে কোনো রাতে ব্যবহারের জন্য বহনযোগ্য র‍্যাম্প (ঢালু কাঠামো) - এর ব্যবস্থা তাঁরা করতে পারেন কিনা। যদি তা প্রকৃত ব্যবহারযোগ্য এবং নিরাপদ হয় তাহলে তার বন্দোবস্ত করার দায়িত্ব তাদের।**

সঙ্গীতানুষ্ঠানের জায়গায় যেতে অনেক ধাপ সিঁড়ি?



**দেখুন যে, একটি প্রবেশযোগ্য ঘর ব্যবহারের জন্য আপনার অনুষ্ঠানের রাতে আপনি অনুষ্ঠানস্থলের কিছু জিনিসের স্থান পরিবর্তন বা অদল-বদল করতে পারেন কিনা, কিংবা তা করতে না পারলে, এ বিষয়টি নিশ্চিত করুন যে সিঁড়ির বিষয়ে, কতগুলি ধাপ আছে এবং কোনো হাতে ধরার রেলিং (হ্যান্ড রেল) আছে কিনা তা লোকজনদের জানিয়ে অনলাইনে তথ্য দেওয়া আছে।**

**কিছু লোকজন হয়ত সিঁড়ি ভেঙ্গে উঠতে বা নামতে পারবেন, কিন্তু তারপরে সঙ্গীতানুষ্ঠানের জন্য বসার আসনের দরকার হবে। আপনি যে অনুষ্ঠানস্থলই ব্যবহার করুন না কেন ব্যবহারযোগ্য বসার আসনের পরিকল্পনা করুন।**



| সঙ্গীতানুষ্ঠানের টুকিটাকি #1 | 👁 | দেখার স্থানে অ্যাক্সেসযোগ্য আসন |
|---|---|---|

**কী?**

অনুষ্ঠানস্থলের একটি নির্ধারিত অঞ্চল যেখানে মানুষজন স্টেজের দৃশ্য দেখার জন্য বসতে পারেন। সামর্থ্যের উপর নির্ভর করে, অগ্রিম সেট আপ করা কোনো অঞ্চলের মাধ্যমে বা শুধুমাত্র কোনো ব্যক্তি চাইলে আসন দিয়ে সহায়তা করার মাধ্যমে এটি অর্জন করা যেতে পারে।

**কেন?**

এই অবস্থানটি হুইলচেয়ার ব্যবহারকারী বা শো চলাকালীন বসার প্রয়োজন আছে যে ব্যক্তিদের বা ঠাসা ভিড় এড়াতে চান যে ব্যক্তিরা তারা ব্যবহার করতে পারেন। লুক্কায়িত প্রতিবন্ধী ব্যক্তিসহ প্রচুর বিভিন্ন ধরনের ব্যক্তির এটির প্রয়োজন হতে পারে।

**আপনার যা দরকার:**

- চেয়ার
- স্টেজের দৃশ্য যুক্ত একটি স্থান

**কিভাবে এটি হবে:**

- নিয়মিত সেট আপ আছে কিনা তা দেখার জন্য অনুষ্ঠানস্থলটি পরিদর্শন করুন। যদি না থাকে তবে সেরা অবস্থানের বিষয়ে তাদের সাথে আলোচনা করুন।
- এটি অসুবিধাজনক বলে প্রমাণিত হলে যাতে আমরা সহায়তা করতে পারি সেইজন্য আমাদের সাথে যোগাযোগ করুন।
- চেয়ার স্থাপন না করা গেলে, প্রয়োজন হলে মানুষজন কিভাবে একটি চেয়ার পেতে পারেন তার জন্য একটি পরিকল্পনা করুন।
- মানুষজনকে আগেই জানতে দিন যে তাদের আসনের প্রয়োজন হলে কী করতে হবে।
- নিশ্চিত হয়ে নিন যে অনুষ্ঠানস্থলের স্টাফেরা জানেন ব্যবস্থাটি কিভাবে কাজ করে।

| সঙ্গীতানুষ্ঠানের টুকিটাকি #2 | | ব্যক্তিগত সহায়তাকারীদের জন্য টিকিট |
|---|---|---|

**কী?**

প্রতিবন্ধী ব্যক্তি যিনি নিজের টিকিট কিনেছেন, যাকে তার যোগদানে সহায়তা করতে সহায়তাকারী ব্যক্তিকে ('PA') আনতে হবে তাদের জন্য বিনামূল্যে টিকিটের সুবিধা দেওয়া।

**কেন?**

ব্যক্তির PA বিভিন্ন কারণে প্রয়োজন হয়, ভ্রমণে সহায়তা করার থেকে শুরু করে কাছাকাছি থাকা, যোগাযোগ করানো, সিদ্ধান্ত গ্রহণ, ওষুধ নেওয়া অথবা বাথরুম ব্যবহার করা।

**আপনার যা দরকার:**

- একটি সহজ সমাধান হলো কোনোরূপ উদ্বিগ্ন না হয়ে আপনার সঙ্গীতানুষ্ঠানের PA টিকিটের জন্য অনুরোধ করতে লোকেদের সক্ষম করা।

**কিভাবে এটি হবে:**

- অনুরোধের ভিত্তিতে PA যুক্ত করতে অতিথি-তালিকা বরাদ্দকরণ করাকে কাজে লাগান।
- অনুরোধ করার জন্য আগেই সরাসরি আপনার সাথে যোগাযোগ করার জন্য লোকেদের আমন্ত্রণ জানান।
- আমরা মনে করি ছোট সঙ্গীতানুষ্ঠানের জন্য বিশ্বাস রাখাটাই উপযুক্ত, তবে আপনার শোতে অংশ নিতে কেন ব্যক্তির PA প্রয়োজন সেটি সংক্ষেপে (চিকিৎসা সংক্রান্ত বা ব্যক্তিগত বিশদ বিবরণ জিজ্ঞাসা না করে) তাদেরকে বলতে বলাটা যুক্তিযুক্ত।
- মানুষজনকে আগেই জানতে দিন যে তারা PA টিকিটের জন্য অনুরোধ করতে পারেন!

## সঙ্গীতানুষ্ঠানের টুকিটাকি #3 | DIY ক্যাপশনিং

### কী?

সঙ্গীতানুষ্ঠানের ক্যাপশন দেওয়ার অর্থ প্রস্তুতি চলাকালীন স্ক্রিনে ব্যান্ডের নাম, গানের শিরোনাম এবং লিরিক্স প্রদর্শন করা।

### কেন?

শ্রবণ প্রতিবন্ধকতায় আক্রান্ত ব্যক্তিদের ক্ষেত্রে এটি শোকে আরো অ্যাক্সেসযোগ্য করে তোলে। এটি সকল যোগদানকারীদের অভিজ্ঞতার ক্ষেত্রে একটি নতুন উপাদান যুক্ত করে।

### আপনার যা দরকার:

- ল্যাপটপ
- স্লাইডশো সফটওয়্যার
- টিভি
- ব্যান্ডগুলির থেকে তালিকা এবং লিরিক বিবৃত করুন

### কিভাবে এটি হবে:

- সমস্ত ব্যান্ডকে জানান যে আপনি DIY ক্যাপশনিং করবেন।
- টেম্পলেট উদাহরণের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন।
- এটি ব্যান্ডগুলিতে পাঠান এবং তাদেরকে নির্ধারিত ক্রমে লিরিকের স্লাইডশো তৈরি করতে বলুন।
- ব্যান্ড এবং গানের নামের স্লাইড + তারা যে চিত্র চান তা যোগ করুন।
- সব ব্যান্ডের স্লাইডগুলির মাস্টার স্লাইডশো তৈরি করুন।
- আপনি যদি চান তবে সেটগুলির মধ্যে অন্যান্য রাত্রি ইত্যাদি প্রচারকারী আপনার নিজের স্লাইডগুলিতে যোগ করতে পারেন।
- স্টেজে একটি টিভি স্থাপন করুন এবং এতে একটি ল্যাপটপ সংযুক্ত করুন।
- প্রত্যেকটি সেটের সময় স্লাইডগুলি কোনো ব্যক্তিকে দিয়ে হাতে করে ক্লিক করান।
- মানুষজনকে আগে থেকে জানতে দিন যে আপনি এটি প্রদান করছেন!

| সঙ্গীতানুষ্ঠানের টুকিটাকি #4 | ☺ | নিরিবিলি স্থান |
|---|---|---|

**কী?**

মূল সঙ্গীতানুষ্ঠানের স্থান থেকে দূরে একটি জায়গা রাখুন যা শব্দ এবং ভিড় থেকে মানুষজনকে বিরতি দেওয়ার জন্য স্থাপন করা হয়।

**কেন?**

যদি অনুষ্ঠানস্থলে নিরিবিলি স্থানের ব্যবস্থা রাখা হয় তবে তা শিক্ষণ অক্ষমতা, অটিজম, উদ্বেগে আক্রান্ত ব্যক্তিদের এবং অত্যধিক সংবেদনশীলতায় আক্রান্ত ব্যক্তি যাদের শো উপভোগ করার জন্য বিরতির প্রয়োজন হয় তাদের ভীষণভাবে উপকার করতে পারে।

**আপনার যা দরকার:**

- মূল সঙ্গীতানুষ্ঠানের থেকে পৃথক একটি কক্ষ (নিরিবিলি হলে ভালো, তবে যেটিই পাওয়া যাক না কেন)।
- কক্ষটি কিসের জন্য সেটি বোঝানোর জন্য একটি চিহ্ন।
- আসন - নরম হলে আরো ভালো!
- ফেয়ারি লাইট বা অন্যান্য পরিবেষ্টনকারী আলোর ব্যবস্থা, পানি, কমিকস / ম্যাগাজিন, পেন্সিল এবং কাগজ, বই, চাপমুক্তির খেলনা ইত্যাদি-এখানে একটি দুর্দান্ত চাপমুক্তির স্থান তৈরি করে রাখাটা অতিরিক্ত বিকল্প।

**কিভাবে এটি হবে:**

যদি কোনো উপযুক্ত কক্ষ লভ্য থাকে...

- এটিকে এমন একটি স্থান হিসাবে স্থাপন করুন যেখানে স্বস্তির সাথে মানুষজন বসতে পারেন এবং সঙ্গীতানুষ্ঠান থেকে বিরতি নিতে পারেন।
- অনুষ্ঠান শুরুর মুহূর্ত থেকে এটি খুলুন।
- মানুষজনকে আগে থেকে জানতে দিন যে এটি লভ্য!

# মানুষজনকে আমরা যাচাই করার সুপারিশ করি!

মার্চ 2017 সালে, আমরা কনস্ট্যান্ট ফ্লাক্স এবং ভেন্যু DIY স্পেস ফর লন্ডনের সহযোগিতায় ইন-সাইট উইকেন্ডটি রেখেছিলাম। PRS ফাউন্ডেশন অ্যান্ড আর্টস কাউন্সিল ইংল্যান্ড কর্তৃক অর্থ সাহায্য প্রাপ্ত এই অনুষ্ঠানটি প্রতিবন্ধী শিল্পীদের দ্বারা আলোচনা, DIY অ্যাক্সেস সম্পর্কিত ওয়ার্কশপ এবং যেখানে আমরা ধারণাগুলি প্রয়োগ করি এমন সঙ্গীতানুষ্ঠানের বৈশিষ্ট্য যুক্ত ছিল। এই নির্দেশিকা হলো চূড়ান্ত ফলাফল!

**DIY স্পেস ফর লন্ডন**
ইন-সাইট উইকেন্ডের জন্য আমরা যে চমৎকার লন্ডন অনুষ্ঠানস্থল ব্যবহার করেছি সেটি প্রদর্শন করেছে যে ন্যূনতম ব্যয়ে বা কোনো ব্যয় না করে সৃজনশীলতা এবং সহযোগিতার মাধ্যমে অ্যাক্সেস কিভাবে উন্নত করা যায়।
www.diyspaceforlondon.org

**কনস্ট্যান্ট ফ্লাক্স**
ইন-সাইড উইকেন্ডের জন্য আমাদের প্রোগ্রামিং পার্টনার। এটি সক্রিয় থাকাকালীন শিল্পী এবং অনুষ্ঠানস্থলগুলির সাথে পার্টনারশিপে যুক্তরাজ্য জুড়ে বিস্ময়কর সর্বাত্মকমূলক যাত্রা শুরু করে।
www.constantflux.co.uk

# চারটি দুর্দান্ত ব্যান্ড যারা আমাদের সচেতনতা উইকেন্ড সঙ্গীতানুষ্ঠানে বাজায়

দ্যা ফিশ পুলিশ
www.thefishpolice.com

উলফ
www.woolf.bandcamp.com

রিভেঞ্জ অব ক্যালকুলন
www.revengeofcalculon.com

দ্য অকওয়ার্ড সাইলেন্সসেস
www.theawkwardsilences.com

ধন্যবাদ

এই নির্দেশিকাটি বেছে নিয়ে এবং পড়ার মাধ্যমে, বধির এবং প্রতিবন্ধীদের জন্য লাইভ সংগীতকে আরো অ্যাক্সেসযোগ্য করার জন্য আমাদের প্রচারাভিযানে যোগদান করার জন্য আপনি আপনার প্রথম পদক্ষেপ নিয়েছেন।

শিল্পী, ব্যান্ড বা প্রচারক হিসাবে ক্ষমতা আপনাতে নিহিত - আপনি দায়িত্ব নিতে পারেন এবং আপনার সঙ্গীতানুষ্ঠানের জন্য ইতিবাচক পরিবর্তন করতে পারেন। আমরা আশা করছি আপনি এই নির্দেশিকাটি উপযুক্ত ব্যবহারের জন্য রাখবেন!

আপনি যদি এই নির্দেশিকাটি কাজের বলে মনে করেন তবে আমাদের এটির ব্যবহার সম্বন্ধে টুইট করে জানান:

**#diyaccessguide** এবং**@attitudetweets**

এই নিদেশিকার্টি অন্যান্য ব্যান্ড, শিল্পী এবং প্রচারকদের কাছে শেয়ার করুন।

আপনি যদি এই নির্দেশিকার পরামর্শগুলি ব্যবহার করে কোনো সঙ্গীতানুষ্ঠান বা ভ্রমণ করেন তবে আমাদের জানান!

আপনি কিছু সর্বাত্মক সঙ্গীতানুষ্ঠান অর্জন করতে পারলে আপনার ওয়েবসাইটে ব্যান্ড বা প্রচারক হিসাবে অ্যাক্সেস ইস্তেহার শেয়ার করার বিষয়টি বিবেচনা করুন। একটি দুর্দান্ত উদাহরণ এখানে পেতে পারেন:

http://theawkwardsilences.com/accessibility

**শুভকামনা!**

আরো জানুন এবং আমাদের অনুসরণ করুন:

ওয়েবসাইট: www.attitudeiseverything.org.uk

টুইটার: @attitudetweets

ইন্সটাগ্রাম: @attitudeiseverythinghq

ফেসবুক: /attitudeiseverything

আমাদের সাথে যোগাযোগ করুন:

info@attitudeiseverything.org.uk

+44 020 7838 7979

কুড বি গুড কর্তৃক প্রাথমিকভাবে পরিকল্পিত
www.couldbegood.co.uk

এই নির্দেশিকাটি প্রাথমিকভাবে PRS ফাউন্ডেশন
অ্যান্ড আর্টস কাউন্সিল ইংল্যান্ড দ্বারা অর্থ সাহায্য পেয়েছিল।

PRS Foundation

Supported using public funding by ARTS COUNCIL ENGLAND

আন্তর্জাতিক শেয়ার করা + অনুবাদগুলি ব্রিটিশ কাউন্সিল দ্বারা অর্থ সাহায্য প্রাপ্ত ও সমর্থিত

BRITISH COUNCIL

অ্যাটিচুড ইজ এভরিথিং 2019 রেজিস্টার কোম্পানি নং: 6397532 দাতব্য সংস্থা নং 1121975